অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের সকল স্কুলের জন্য ফাউন্ডেশন এইড সম্পূর্ণভাবে অর্থায়ন করে NYSER বনাম NYS মামলা মীমাংসা করার ঘোষণা করেছেন

চুক্তি অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটকে এই বছর ফাউন্ডেশন এইড অর্থায়নে উল্লেখযোগ্য অগ্রগতি করতে হবে এবং 2024 অর্থবছরের বাজেটে এর জন্য সম্পূর্ণভাবে অর্থায়ন করতে হবে

ফাউন্ডেশন এইড স্কুল জেলার সম্পদ এবং শিক্ষার্থীদের প্রয়োজন বিবেচনা করে স্কুলের তহবিলের একটি ন্যায্য বণ্টনের ব্যবস্থা তৈরি করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কার্স ফর স্টুডেন্টস এডুকেশনাল রাইটস (New Yorkers for Students' Educational Rights, NYSER) বনাম নিউ ইয়র্ক স্টেট মামলাটি মীমাংসা করে শেষ করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট একটি চুক্তিতে পৌঁছাতে পেরেছে, এটি হল আগামী তিন বছরের মধ্যে নিউ ইয়র্ক স্কুল জেলাগুলির বর্তমান ফাউন্ডেশন এইড (Foundation Aid) ফর্মুলা সম্পূর্ণভাবে অর্থায়ন করার স্টেটের অঙ্গীকারের ফল এবং এটি আমাদের শিক্ষার্থীদের অতি প্রয়োজনীয় এই অর্থায়ন প্রদান করতে স্টেটের পূর্বের বিরোধিতার অবসান করলো।

"আমাদের স্টেটে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর সফল হওয়ার জন্য ভালোমানের শিক্ষার অধিকার রয়েছে, এবং আমাদের শিক্ষার্থীদের উপরে উঠার সুযোগ প্রদানের একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান হল পাবলিক স্কুল," **গভর্নর হোকল বলেন।** "এই মীমাংসা অসমতার একটি লম্বা অধ্যায় বন্ধ করে এবং স্টেটকে পরিষ্কার করা ও জেলাগুলির অনন্য প্রয়োজন বিবেচনা করে একটি প্রতিক্রিয়াশীল মডেল ব্যবহার করে পাবলিক শিক্ষাকে সম্পূর্ণভাবে অর্থায়ন করার ব্যাপারে আমার প্রশাসনের অঙ্গীকার প্রদর্শন করে। কথার থেকে কাজ বেশি গুরুত্বপূর্ণ, এবং যদিও এই মীমাংসাটি প্রথম ধাপ, আমরা স্টেটের বাজেটে অর্থায়নের মাধ্যমে কাজ সম্পূর্ণ করবো। আমাদের স্টেটের ভবিষ্যৎ নির্ভর করে প্রতিটি শিশুকে সঠিকভাবে শিক্ষাদানে আমাদের ক্ষমতার উপর, এবং ফাউন্ডেশন এইড অসমতার সমাধানে সমালোচনামূলক দৃষ্টি প্রদান করবে এবং স্কুলগুলি যাতে তাদের প্রাপ্য প্রয়োজনীয় সাহায্য পায় তা নিশ্চিত করবে।"

2014 সাল থেকে চলতে থাকা এই মামলাটির দাবি ছিল নিউ ইয়র্ক স্টেটকে ঐতিহাসিক ক্যাম্পেইন ফর ফিসক্যাল ইকুইটি মামলার পরবর্তীতে স্থাপন করা ফাউন্ডেশন এইড ফর্মুলার সম্পূর্ণ অর্থায়ন করতে হবে, এবং পূর্বে স্টেট এর বিরোধিতা করেছিলো। ফাউন্ডেশন এইড গঠিত

হয় 2007 সালে এবং এটি স্কুল জেলার সম্পদ ও শিক্ষার্থীদের প্রয়োজন বিবেচনা করে স্কুলের জন্য স্টেটের তহবিলের ন্যায্য বণ্টন সৃষ্টি করে। কিন্তু, নিউ ইয়র্ক স্টেট কখনোই ফাউন্ডেশন এইডের সম্পূর্ণ অর্থায়ন করেনি।

নতুন মীমাংসা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটকে 2024 অর্থবছরের বাজেটের মধ্যে ধীরে ধীরে ফাউন্ডেশন এইডের সম্পূর্ণ অর্থায়ন করতে হবে। 2022 অর্থবছরের প্রণীত বাজেটে, যা এপ্রিলে অনুমোদিত হয়েছে, নির্বাহী ও আইনসভা 2024 অর্থবছরের বাজেটের মধ্যে ফাউন্ডেশন এইডের সম্পূর্ণ অর্থায়ন করতে সম্মত হয়েছে এবং এই অঙ্গীকারকে আইনে পরিণত করেছে।

বর্তমানে প্রত্যাশিত ফাউন্ডেশন এইড অর্থায়নের ব্রেকডাউন নিচে উপলভ্য:

- 2022 অর্থবছর: 19.8 বিলিয়ন মার্কিন ডলার, বিদ্যমান ঘাটতির 30% পূরণ করবে
- 2023 অর্থবছর: আনুমানিক 21.3 বিলিয়ন মার্কিন ডলার, প্রত্যাশিত ঘাটতির 50% পূরণ করবে।
- 2024 অর্থবছর: আনুমানিক 23.2 বিলিয়ন মার্কিন ডলার, প্রত্যাশিত ঘাটতি অপসারণ করবে, এবং স্কুল জেলার জন্য ফাউন্ডেশন এইডের সম্পূর্ণ পরিমাণ অর্থায়ন করবে।

সিনেটর শেলি বি. মায়ার বলেন, "আমরা আগামী তিন বছরে আমাদের অনাদায়ী শিক্ষা বাধ্যবাধকতাকে সম্পূর্ণ অর্থায়ন করার আমাদের অঙ্গীকারের জন্য জোর লড়াই করেছি। আমি আনন্দিত যে এখন আমরা এই দীর্ঘস্থায়ী মামলাটিকে পেছনে ফেলতে পারবো এবং প্রতিশ্রুত অর্থায়নের ব্যাপারে অগ্রসর শিক্ষামূলক সুযোগ সম্প্রসারণ করতে পারবো। অবশেষে নিউ ইয়র্ক স্টেট প্রত্যেক শিশুর জন্য পূর্ণগর্ভ মৌলিক শিক্ষার সাংবিধানিক নীতিকে স্বীকৃতি প্রদান করেছে। আমি জনশিক্ষার জন্য তার অঙ্গীকারের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং সেই সকল পিতামাতা ও উকিল যারা কখনোই পিছপা না হয়ে তাদের সন্তানের পক্ষে অব্যাহত দাবি করে গেছেন তাদের অবদান স্বীকার করছি।"

সিনেটর রবার্ট জ্যাকসন বলনে, "NYSER মামলাটি মীমাংসা করার ব্যাপারে গভর্নর হোকলের সিদ্ধান্ত জানতে পেরে আমি কৃতজ্ঞ, এটি এমন সময় আসলো যখন নিউ ইয়র্ক স্টেট পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্য তাদের নিজেদের অর্থায়ন ফর্মুলা অগ্রাহ্য করেই যাচ্ছিলো। যখন 1993 সালে নর্দার্ন ম্যানহ্যাটনের জেলা 6 থেকে মাইকেল রেবেল এবং আমি প্রথম ক্যাম্পেইন ফর ফিসক্যাল ইকুইটি শুরু করি, আমরা জানতাম যে আমাদের পাবলিক স্কুলের শিক্ষার্থীদের প্রাপ্য অর্থায়ন পেতে লম্বা যুদ্ধ করতে হবে। আমাদের শিক্ষার্থী এবং কঠোর পরিশ্রমী শিক্ষাদানকারী, যারা এক প্রজন্ম ধরে অতি নগণ্য বাজেটে, এবং সাম্প্রতিক সময়ে একটি মহামারীর মধ্যে, স্কুলগুলিকে সচল রেখেছে, তাদের জন্য এই মীমাংসাটি সঠিক দিকে একটি পদক্ষেপ। আমার অ্যালবানি হাঁটার জুতো তুলে রাখতে পেরে আমি খুশি এবং এমন একটি আইনসভার অধিবেশন দেখতে উন্মুখ হয়ে আছি যেখানে শিশুদের পূর্ণগর্ভ মৌলিক শিক্ষার অধিকার রাজনৈতিক দর কষাকষির বিষয় হবে না।"

অ্যাসেম্বলিমেম্বার মাইক বেনেদেত্তো বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে এই মীমাংসা হয়েছে এবং গভর্নর হোকলের নেতৃত্বের জন্য কৃতজ্ঞ। নিউ ইয়র্কের শিশুরা আজকে নিশ্চিন্তে ঘুমাতে পারবে।"

অ্যালায়েন্স ফর কোয়ালিটি এডুকেশনের (Alliance for Quality Education) নির্বাহী পরিচালক জ্যাসমিন গ্রিপার বলেন, "ফাউন্ডেশন এইড সম্পূর্ণ অর্থায়ন করার অঙ্গীকার নিশ্চিত করবে যে কালো, বাদামি এবং নিম্ন-আয়ের শিক্ষার্থীরা এমন স্কুলে যাবে যেখানে সব রিসোর্স আছে এবং এটি সুযোগের তফাৎ উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনবে। আজকে নিউ ইয়র্কে শিক্ষা ন্যায়বিচারের বহু দিন আগে আসা উচিত ছিলো এমন একটি নতুন অধ্যায়ের সূচনা হল। গভর্নর হোকলের সিদ্ধান্ত যে নিউ ইয়র্ক স্টেট ধীরে ধীরে 2024 সালের মধ্যে ফাউন্ডেশন এইড সম্পূর্ণ অর্থায়ন করবে এই শর্তে মামলাটির মীমাংসা করবে পিতামাতা ও সম্প্রদায়ের সদস্যদের কয়েক দশকের অব্যাহত লড়াইয়ে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন আনবে, এবং এটি নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য ন্যায়বিচারের ব্যাপারে গভর্নরের অঙ্গীকারের সঙ্কেত প্রদান করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন